‘এ বাঁধ প্রতিরোধ এখন আপামর জনতার দাবী’
টিপাইমুখ ইস্যুতে সিলেটের মেয়র কামরানের সুমতি

সিলেট প্রতিনিধি ঃ টিপাইমুখ বাঁধ ইস্যুতে সুমতি এসেছে সিলেটের মেয়র, আওয়ামীলীগ নেতা বদর উদ্দিন আহমদ কামরানের। এ বাঁধের বিরুদ্ধে আন্দোলনকারী বাম রাজনীতিকদের প্লাটফর্মে আয়োজিত এক সভায় তিনি বলেছেন, এ বাঁধ প্রতিরোধের দাবী এখন দেশের আপামর জনতার দাবী। এ দাবী বাস্তবায়নে সরকারকে ধাপে ধাপে অগ্রসর হওয়ার আহ্বান জানান তিনি। গত সোমবার বিকেলে সিলেট সিটি কর্পোরেশন মিলনায়তনে আয়োজিত এক সুধী সমাবেশে তিনি প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন। মহাজোটভূক্ত বাম রাজনৈতিক দলগুলোর সমন্বয়ে গঠিত ‘টিপাইমুখ বাঁধ প্রতিরোধ আন্দোলন’ এ সুধী সমাবেশের আয়োজন করে। টিপাইমুখ বাঁধ নির্মাণের প্রতিবাদে সমগ্র সিলেট যখন আন্দোলন সংগ্রামে মুখর, তখন সিটি মেয়র বদর উদ্দিন আহমদ কামরান দীর্ঘদিন কৌশলে নিরবতা পালন করেন। এ নিয়ে নগরবাসীর মনে নানা সন্দেহ দানা বাঁধতে শুরু করে। এক পর্যায়ে মাসিক বিশ্ববাংলা আয়োজিত এক গোলটেবিল আলোচনায় অংশ নিয়ে মেয়র কামরান বলেন, ‘টিপাইমুখ বাঁধ নিয়ে আমরা ভারতের সঙ্গে যুদ্ধ ঘোষনা করতে পারবো না।’ তাঁর এই ভারততোষনমূলক বক্তব্য তখন টিপাইমুখ বাঁধ বিরোধী আন্দোলনকে নতুন মাত্রায় উস্কে দেয়। আন্দোলনকারী রাজনৈতিক, সামাজিক ও পেশাজীবী মহলে মেয়র কামরানের এই বক্তব্য মিশ্র প্রতিক্রিয়ার সৃষ্টি করে। সর্বশেষ গতকাল নিজ রাজনৈতিক আদর্শের কাছাকাছি ব্যক্তিবর্গের সমন্বয়ে গঠিত ‘টিপাইমুখ বাঁধ প্রতিরোধ আন্দোলন’ এর সুধী সমাবেশে অংশ নিয়ে তাঁর পুরোনো অবস্থান থেকে ফিরে আসার ইঙ্গিত দেন মেয়র কামরান। বলেন, এই বাঁধ নির্মিত হলে শুধু সিলেট নয় সমগ্র বাংলাদেশের জন্যই সর্বনাশ বয়ে আনবে। প্রতিবেশী দেশ ভারতের সঙ্গে সম্মানজনক সমঝোতার মধ্য দিয়ে এই বাঁধ ঠেকানোর জন্য তিনি সরকারের প্রতি আহ্বান জানান।সুধী সমাবেশে টিপাইমুখ বাঁধ প্রতিরোধ ও ভারতের আন্তঃনদী সংযোগ প্রকল্প বাতিলসহ ৫ দফা দাবীতে একটি ঘোষনা পত্র পেশ করেন ন্যাশনাল ডেমোক্রেটিক ফ্রন্ট (এনডিএফ) এর জেলা সভাপতি এডভোকেট এমাদ উল্যাহ শহীদুল ইসলাম। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জেলা কমিউনিষ্ট পার্টির সভাপতি ব্যারিষ্টার আরশ আলী, সেক্রেটারী আনোয়ার হোসেন সুমন, ন্যাপ নেতা ইসহাক আলী, ওয়ার্কার্স পার্টি নেতা সিকন্দর আলী প্রমুখ।

Natural Disease Natural treatment Natural Cure

ডাঃ তাপস বাড়ৈ DIHom, FBIH (UK) প্রাকটিশনার অব ক্লাসিক্যাল হোমিওপ্যাথি

ডাঃ বাড়ৈ যাবতীয় প্রাকৃতিক, তরুণ ও পুরাতন, দৈহিক ও মানসিক, সাধারণ ও জটিল রোগের চিকিৎসক। যেমন- এ্যাপেন্ডিসাইটিস, কিড্‌নি ও গলস্টোন, হেপাটাইসিস, সিরোসিস, পাইলস, যক্ষ্মা, বন্ধ্যাত্ব, প্যারালাইসিস, ব্যাক্‌পেইন, সর্বপ্রকার চর্মরোগ, টিউমার, উচ্চ ও নিম্নরক্তচাপ, অস্বাভাবিক ক্ষুধা, সাইনোসাইটিস, দন্তক্ষয় ও দন্তশূল, সিফিলিস, গণোরিয়া, পুরুষত্বহীণতা, অতিরিক্ত যৌনাকাঙ্খা, বাত, আথ্রাইটিস, চুল পড়া ও পাকা, অনিয়মিত, প্রচুর ও কষ্টকর ঋতুস্রাব, মাদকাসক্তি ইত্যাদি।

দয়া করে ভিজিটের পূর্বে এ্যাপয়েন্টমেন্ট করুন

কন্‌শালটেশন ঃ সোমবার- শনিবার (সকাল ১১টা - বিকাল ৩টা)
ডাঃ তাপস বাড়ৈ, *প্রাকটিশনার অব ক্লাসিক্যাল হোমিওপ্যাথি*

আশরাফ হোমিও সেন্টার

২১৮ - ২২০ হোয়াইটচ্যাপেল রোড, লন্ডন E1 1BJ (প্রিমিয়ার বাজারের উপরে ও আইডিয়া স্টোরের বিপরীতে)
মোবাইল ঃ 07958 400495
E-mail : tapasb_hpathy@yahoo.com, www.baraihomeopathy.com
wbd 45/48

গোলাপগঞ্জ পৌরসভার ২৭ কোটি টাকার বাজেট ঘোষণা

সিলেট প্রতিনিধি ঃ সিলেটের গোলাপগঞ্জ পৌরসভার ২০০৯-২০১০ অর্থ বছরের বাজেট ঘোষণা করা হয়েছে। গত সোমবার পৌরসভার সম্মেলন কক্ষে সংবাদ সম্মেলনের মাধ্যমে পৌর মেয়র জাকারিয়া আহমদ পাপলু ২৭ কোটি ১৫ লাখ ৬৩ হাজার টাকার বাজেট ঘোষণা করেন। বাজেটে ৩ কোটি ৬৪ লাখ ৭০ হাজার টাকা আয় ও রাজস্ব ব্যয় ৩ কোটি ৬১ লাখ ৫৬ হাজার টাকা এবং উদ্ধৃত্ত রাখা হয়েছে ৯৩ হাজার ৮০৯ টাকা। বাজেট ঘোষণাকালে পৌর মেয়র জাকারিয়া আহমদ পাপলু পৌরসভার উন্নয়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। একই সাথে তিনি জানান বিগত দিনে কুচক্রি মহলের ষড়যন্ত্রের শিকার হয়ে বারবার মিথ্যা মামলায় কারা ভোগ করায় পৌরবাসীর চাহিদা অনুযায়ী উন্নয়ন করা সম্ভব হয়নি। তিনি গোলাপগঞ্জ পৌরসভাকে আধুনিক পৌরসভা ও পৌরবাসীর কল্যাণের জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন।

২০০৯-২০১০ অর্থ বছরের বাজেটে গোলাপগঞ্জ পৌরসভায় মুক্তিযোদ্ধা পরিবারের উপর হতে পৌরকর প্রত্যাহার, একই সাথে দুঃস্থ মহিলাদের উপর পৌরকর প্রত্যাহার করেন। সেই সাথে রাস্তাঘাট, ব্রিজ কালভার্ট নির্মাণ, পানি নিষ্কাশনের ব্যবস্থা, জলাবদ্ধতা দূরীকরণ, শিক্ষার মান উন্নয়ন, শতভাগ স্যানিটেশন কার্যক্রমের উন্নয়নের অগ্রাধিকার দেয়া হয়েছে। বাজেট ঘোষণার সময় উপস্থিত ছিলেন মহিলা কাউন্সিলর মেহেরুন বেগম, কাউন্সিলর জহিরুল ইসলাম, আলাউদ্দিন, গোলাম মোস্তফা মুছা, মো. নজরুল ইসলাম ও স্থানীয় এবং জেলা সাংবাদিকসহ পৌরনাগরিকবৃন্দ। বাজেট ঘোষণার পূর্বে কোরআন তেলাওয়াত করেন গোলাপগঞ্জ চৌমুহনী জামে মসজিদের পেশ ইমাম মাওলানা আব্দুর রহিম।

শিক্ষিত জাতি গঠনে শিক্ষক সমাজের ভূমিকা অপরিসীম-*এমপি সামাদ চৌধুরী*

সিলেট প্রতিনিধি ঃ সিলেট-৩ আসনের এমপি মাহমুদ উস সামাদ চৌধুরী বলেছেন, শিক্ষাক্ষেত্রে সিলেটকে এগিয়ে নিতে হলে সকলের সম্মিলিত সহযোগিতার প্রয়োজন। আগামী দিনের ডিজিটাল বাংলাদেশ গড়তে হলে শিক্ষার কোন বিকল্প নেই। এ জন্য শিক্ষক সমাজকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা জরুরী। তিনি বলেন, শিক্ষাকে বিশেষ অগ্রাধিকার দিয়ে বর্তমান সরকার বিভিন্ন সময়পযোগী পদক্ষেপ নিয়েছে। এসব পদক্ষেপ বাস্চবায়ন করতে শিক্ষক সমাজের ভূমিকা অপরিসীম। তিনি বলেন, বর্তমান প্রজন্মকে সুশিক্ষায় গড়ে তুলতে শিক্ষক সমাজের দায়িত্ব সবচেয়ে বেশী। আজকের মেধাবীরাই আগামীদিনের কর্ণধার। তাদেরকে সুযোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলতে প্রাথমিক ভিত্তি মজবুত করা সবচেয়ে বেশী প্রয়োজন। তিনি বলেন, শিক্ষকরা সমাজে শ্রদ্ধার পাত্র। তাদের সকল সমস্যার সমাধানে বর্তমান শেখ হাসিনার সরকার বেশ কিছু পদক্ষেপ নিচ্ছে। আগামীতে তাদের বিভিন্ন সমস্যার সমাধান করা হবে। তিনি নবীন শিক্ষকদের উদ্দেশ্যে বলেন, প্রবীন শিক্ষকদের কাছ থেকে অভিজ্ঞতা নিয়ে নতুন করে শিক্ষার আলো ছড়িয়ে দেয়া আপনাদের দায়িত্ব। নতুন প্রজন্মকে সুশিক্ষায় শিক্ষিত করে তুলতে সকলের সম্মিলিত প্রয়াস চালাতে হবে। প্রবীণ শিক্ষকরা এই নবীন শিক্ষকদের দিক নির্দেশনা দিয়ে শিক্ষার অগ্রগতি ত্বরান্বিত করবেন বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি দক্ষিণ সুরমাকে শিক্ষাক্ষেত্রে একটি মডেল উপজেলা হিসেবে গড়ে তুলতে শিক্ষক-অভিভাবক এবং সর্বচ্চরের সকলের প্রতি আহ্বান জানান।

তিনি গত ২৭ জুন শনিবার দক্ষিণ সুরমা উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের উদ্যোগে ও গোপশহর সরকারী প্রাথমিক বিদ্যালয় এসএমসি’র সহযোগিতায় উপজেলার মোল্লারগাঁও ইউনিয়নের গোপশহর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে আয়োজিত উপজেলার সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সমাবেশ ও নবীন শিক্ষকদের বরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথাগুলো বলেন।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার বায়জীদ খানের সভাপতিত্বে এবং শিক্ষক মোঃ নাছির উদ্দিন ও সুইটি সিংহের যৌথ পরিচালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা আমিনা ফাহমীন, উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ আবু নাছের, শিক্ষানুরাগী এম এ হাশিম, গোপশহর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি সিরাজুল ইসলাম, গোপশহর জালালাবাদ দ্বি-পাক্ষিক উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি খালেদুল ইসলাম কুহিনুর।

অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার এনামুর রহিম বাবর, জাহিদুল ইসলাম, উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতি নেতা এম এ কাইয়ুম, বিশিষ্ট মুরব্বী আলাউদ্দিন, গোপশহর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল গফুর মজুমদার, শিক্ষক হেলাল উদ্দিন, অনিন্দিতা দত্ত, দীবা অধিকারী, মুনিরা বেগম চৌধুরী, শামসুর রহমান।

অনুষ্ঠানের শুরুতে কোরআন তেলাওয়াত করেন শিক্ষক মাওলানা ইয়াকুব আলী ও গীতাপাঠ করেন রনজিৎ কুমার বৈদ্য। সমাবেশে উপজেলার ১০৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ অংশ নেন। পরে প্রধান অতিথি এমপি মাহমুদ উস সামাদ চৌধুরী উপজেলার বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে নবনিযুক্ত ৭২ জন শিক্ষক-শিক্ষিকাকে বরণ করে নেন। এর আগে অনুষ্ঠানের শুরুতে পথকলি শিক্ষার্থীরা সঙ্গীত পরিবেশন করে।

অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বরইকান্দি ইউপি চেয়ারম্যান হাজী রইছ আলী, সমাজসেবী আবুল হোসেন আনজির মিয়া, বদরুল ইসলাম, ইসমাইল হোসেন, ফজলুর করিম হেলাল, শাহ ছমির উদ্দিন মেম্বার প্রমুখ।

BD LAW ASSOCIATES
www.bdlawassociates.co.uk
ইমিগ্রেশন, ন্যাশনালিটি, হিউম্যানরাইটস, এসাইলাম এন্ড ইইউ/ইইএ ‘ল’ স্পেশালিষ্ট
OISC

- UK (Entry Clearance & Extension) Visa application & Appeal
- Work Permit (Chef & Cook), HSMP, Post-study Work Application & Appeal
- Indefinite Leave to Remain (ILR), Settlement Application & Appeal.
- Long residency, Human rights Application & Appeal.
- Asylum, Legacy Application & appeal
- Detention Center & Airport Bail application
- Illegal & Overstayer Case
- Removal & Deportation Case
- Court & Home Office Representation
- Out of Time Visa Application & Appeal
- Administrative Review Appeal Naturalisation & Citizenship Application
- Bankruptcy

- Sponsorship Declaration
- Changing of Name
- Power of Attorney
- Attestation of documents
- Translation of Documents
- Same day visa Extension from Home Office
- Income Tax Return (5 years) if you are International Student
- Work Permit License Application

নিম্নের বিষয়গুলিতে স্পেশাল ডিসকাউন্টের ব্যসস্থা আছে
লিগেছি,ডিটেনশন বেইল এপ্লিকেশন এবং ফেমিলী ভিজিট, সেটেলমেন্ট আপলি

• Our Head of the Chamber:
Mohammad Ramjan Ali Khan
LL.B(CAL),LL.B(HONS),BVC(ICSL)
Immigration, Nationality, Human rights, Asylum & EU/EEA Law Specialists
• **Our Contract Details:**
Mobile: 0798 523 1151, Phone: 0207 377 5062
Fax: 0207 247 0442, E-mail: info@bdlawassociates.co.uk
• **We are Hear to Help You;**
57 Whitechapel Road (2nd Floor), Aldgate East,London, E1 1DU.
This law firm is registered and regulated by the OISC at highest level

wbd Start 39 cont

OPEN NEW
MADHUBON
SWEET CENTRE
ছানা, দুধ আর পুষ্টি, মধুবনের মিষ্টি

CHRISP ST MARKET

HALAL

TRY US!

Wedding Cakes
Birthday Cakes
Mehndi Cakes

বিবাহ অনুষ্ঠানের কেক,
জন্মদিনের কেক এবং
মেহেদী অনুষ্ঠানের কেক
অর্ডার নিয়ে থাকি

TEL: 0207-987-7008
15 MARKET WAY LONDON E14 6AH
wbd 51-10